

ইউল্যাবে ফল সেমিস্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন

অনলাইন ডেস্ক

২৩ সেপ্টেম্বর ২০২৩, ০৭:৩১ পিএম



ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) ফল-২০২৩ সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার রাজধানীর মোহাম্মদপুরে অবস্থিত স্থায়ী ক্যাম্পাসে এ প্রোগ্রামের আয়োজন করা হয়। ডন সামদানি ফ্যাসিলিটেশন অ্যান্ড কনসালটেন্সির প্রধান ইন্সপাইরেশনাল অফিসার গোলাম সামদানি ডন এতে প্রধান অতিথি ছিলেন। এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে গোলাম সামদানি ডন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ‘ভবিষ্যৎ কর্মজীবনে সফল হতে ভালো গ্রেড অর্জনের পাশাপাশি কো-কারিকুলার কার্যক্রমে অংশগ্রহণ জরুরি।’

সেই সঙ্গে কোনও খণ্ডকালীন চাকরিতে জড়িত থেকে নিজের দক্ষতা বৃদ্ধির ওপরও জোর দেন গোলাম সামদানি ডন।

উদ্বোধনী বক্তব্যে ইউল্যাবের উপাচার্য অধ্যাপক ইমরান রহমান নবীনদের ডিন ও বিভাগীয় প্রধানদের সঙ্গে পরিচয় করিয়ে দেন। এ সময় তিনি ইউল্যাবের বিভিন্ন কার্যক্রমের কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ছিলেন- প্রো-ভাইস চ্যান্সেলর, কোষাধ্যক্ষ, রেজিস্ট্রার, ডিন, প্রধান, অনুষদ সদস্য, প্রশাসনিক কর্মকর্তা ও নবীর শিক্ষার্থীরা।